

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৬৩

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل) পরিচ্ছেদঃ ১১) কিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বন্ধকরণ

الترغيب في قيام الليل

আরবী

(حسن) وَعَنْ يزيد بن الأخنس وكانت له صحبة رضي اللَّهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: لَا تَنَافُسَ بَيْنَكُمْ إِلَّا فِي اثْنتَيْن: رَجُلِ أعطاه اللهُ قرآنا فَهُو يَقُومُ بِهِ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: لَا تَنَافُسَ بَيْنَكُمْ إِلَّا فِي اثْنتَيْن: رَجُلِ أعطاه اللهُ قرآنا فَهُو يَقُومُ بِهِ آنَاءَ اللَّيْل وَالنَّهَارِ، وَيَتَبِعُ مَا فِيهِ، فَيَقُولُ رَجُلٌ: لَوْ أَنَّ اللهَ أَعْطَانِي مَا أَعْطَى فلَاناً فَأَقُومُ بِهِ كَمَا يَقُومُ ، وَرَجُلٍ أَعْطَاهُ اللهُ مَالًا فَهُو يُنْفِقُ منه وَيَتَصَدَّقُ فيقول رجل مثل ذلك. رواه الطبراني في الكبير

বাংলা

৬৩৬. (হাসান সহীহ) ইয়াযীদ বিন আখনাস (রাঃ) থেকে বর্ণিত। রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ

"তোমাদের পরস্পরের মাঝে দু'টি বিষয় ব্যতীত অন্য কিছুতে প্রতিযোগিতা নেই। এক ব্যক্তিকে আল্লাহ্ কুরআন (কুরআনের জ্ঞান) দান করেছেন, তাই সে রাত-দিন তা দ্বারা নামায পড়ে থাকে এবং তার মধ্যে যে নির্দেশ আছে তার অনুসরণ করে থাকে। তখন আরেক ব্যক্তি বলেঃ আল্লাহ্ যেমন এই ব্যক্তিকে দিয়েছেন, যদি আমাকে সেরূপ দিতেন তবে সে যেমন নামায পড়ে আমিও তেমন নামায পড়তাম। দ্বিতীয় ব্যক্তিকে আল্লাহ্ সম্পদ দিয়েছেন, সে তা ব্যয় করে ও সাদকা করে। তখন আরেক ব্যক্তি পূর্বের জনের মত কমনা করে (বলেঃ আমাকে যদি আল্লাহ্ সম্পদ দিতেন তবে আমিও ঐ ব্যক্তির মত খরচ করতাম ও সাদকা করতাম)

(ত্বাবরানী, আলবানী বলেন, হাদীছটি ইমাম আহমাদও স্বীয় মুসনাদে বর্ণনা করেছেন ৪/১০৪।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ইয়াযীদ বিন আখনাস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন